


FOUNTAIN GARMENTS MANUFACTURING LTD.

Office & Factory : Plot # 61- 62, Gazirchat, EPZ Road, Baipail, Savar, Dhaka.
Phone : 7702068, Fax : + 880-2-7702069

অতিরিক্ত কর্মঘন্টা নীতিমালা	
Overtime policy	
প্রধান তত্ত্বাবধায়ক	: এ.জি.এম. কমপ্লায়েন্স এবং ই.এম.এস.
বাস্তবায়কারী	: সকল বিভাগীয় প্রধান
প্রণয়নের তারিখ	: ০১/০১/২০১১ ইং
সর্বশেষ সংশোধনী	: ০১/০১/২০১৯ ইং
পুনরায়- সংশোধন/ বিবেচনা	: সময়, অবস্থা, স্থানীয় আইনের পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন, আন্তর্জাতিক আইনের পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন, ফ্রেতার চাহিদা এবং অডিট রিপোর্টের ভিত্তিতে।
অনুমোদনক্রমে- ব্যবস্থাপনা পরিচালক (স্বাক্ষর ও তারিখ)	: 

ভূমিকা :

কারখানা কর্তৃপক্ষ এই নীতিতে বিশ্বাস করে যে, অতিরিক্ত কর্মঘন্টা সম্পূর্ণভাবে কর্মীর সদিচ্ছার উপর নির্ভর করে। যে কোন কর্মীর অতিরিক্ত কর্মঘন্টায় কাজ না করার অধিকার আছে।

নীতি সমূহঃ

- কারখানা কর্তৃপক্ষ এই নীতিতে বিশ্বাস করে যে, উৎপাদক হিসেবে মান সম্মত পোষাক উৎপাদন করা এবং চাহিদা মার্ফিক উৎপাদনের লক্ষ্য অর্জনের জন্য প্রত্যেক শ্রমিকের অবদান ও সহযোগিতা একান্ত প্রয়োজন।
- চাহিদা পূরণের জন্য মাঝে মাঝে নির্দিষ্ট সময়ের পরেও অতিরিক্ত কাজ করতে হয় তা অতিরিক্ত কর্মঘন্টা (ওভার টাইম) হিসেবে বিবেচিত এবং যা কর্মীদের সদিচ্ছার উপরে নির্ভর করে।
- অতিরিক্ত কর্মঘন্টার ক্ষেত্রে আমরা মূল্যায়ন করি শ্রমিকের সদিচ্ছা এবং তার চেয়ে অগ্রগণ্য হলো তার অপারগতাকে যেমন তার অসুস্থতা বা কাজ করতে অক্ষমতা, পারিবারিক কারণ, মাতৃত্বজনিত কারণ এবং জরুরী ভিত্তিক যেমনঃ নিকট আত্মীয়ের মৃত্যুর সংবাদ ইত্যাদি।

অতিরিক্ত কর্মঘন্টাঃ

- সাধারণ কার্য সময়ের পরে যে কোন ধরনের অতিরিক্ত সময়ের কাজ ঐ দিনের ওভার টাইম হিসেবে বিবেচিত হবে।
- নির্ধারিত সময়ের (সকাল ৮:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত) পরে ওভারটাইম হিসেবে বিবেচিত হবে।
- নির্দিষ্ট সময়ের অতিরিক্ত সময় কাজ করলে তা মূল মজুরীর সাধারণ হারের দ্বিগুন হারে ওভারটাইম প্রদান করা হবে।
ওভারটাইম নির্ণয়ের সূত্রঃ (বেসিক বেতন ÷ ২০৮ × ২) = ঘন্টা প্রতি ওভারটাইম প্রদানের হার।
- প্রতিদিন সর্বোচ্চ কর্মঘন্টা ১০। যার ৮ ঘন্টা সাধারণ কর্মঘন্টা এবং ২ ঘন্টা অতিরিক্ত কর্মঘন্টা (ওভার টাইম) ঐচ্ছিক হিসেবে বিবেচিত।
- কোন শ্রমিক প্রতিদিন ২ ঘন্টা, সপ্তাহে ১২ ঘন্টা এবং মাসে ৪৮ থেকে ৫২ ঘন্টার বেশী ওভার টাইম করানো হয় না।

সাপ্তাহিক ছুটিঃ

- প্রচলিত স্থানীয় আইন অনুসারে প্রতি শুক্রবার সাপ্তাহিক ছুটি হিসেবে গণ্য করা হবে।
- উক্ত অতিরিক্ত কর্মঘন্টার জন্য উল্লেখিত নিয়ম অনুসারে মজুরী প্রদান করা হবে।
- উক্ত ছুটিটি পরবর্তীতে দ্রুত সমন্বয় করা হবে।
- সাপ্তাহিক ছুটিতে কাজ করলে তা অতিরিক্ত কর্মঘন্টা হিসেবে বিবেচিত হবে।